বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

বহুমাত্রিক বৈশিষ্টতার জন্য বর্তমান বিশ্বে পর্যটন শিল্প একক বৃহত্তম অর্থনৈতিক খাত হিসেবে স্বীকৃতি লাভ করেছে। বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে শিল্পটি ব্যাপক অবদান রাখছে এবং ব্যাপক কর্মসংস্থানের সৃষ্টি করছে। বাংলাদেশ একটি পর্যটন সম্ভাবনাময় দেশ। পৃথিবীর যে কোন পর্যটককে আকৃষ্ট করার মত সকল উপাদানই বাংলাদেশের রয়েছে। বাংলাদেশের নয়নাভিরাম প্রাকৃতিক সৌন্দর্য, গৌরবময় ইতিহাস, সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, বন্ধু বাৎসল মানুষ, অকৃত্রিম আতিথেয়তা, প্রত্নতাত্ত্বিক নিদর্শণ, ঐতিহাসিক পুরাকীর্তি, দীর্ঘতম সমুদ্র সৈকত, বৃহত্তম ম্যানগ্রোভ ফরেস্ট, বন-বনানী, জীব-বৈচিত্র, বৈচিত্রময় আদিবাসী সংস্কৃতি সুদূর অতীত থেকেই পর্যটকদের নিকট অত্যন্ত আকর্ষনীয়।

পর্যটন শিল্পের অপার সম্ভাবনাকে দেশে ও বিদেশে প্রচারের মাধ্যমে বাংলাদেশ কে দক্ষিণ এশিয়ার অন্যতম 'পর্যটন গন্তব্য' হিসেবে প্রতিষ্ঠা করার লক্ষ্যে বর্তমান সরকার বাংলাদেশ পর্যটন বোর্ড আইন ২০১০ এর ক্ষমতাবলে ২০১০ সালের সেপ্টেম্বর মাসে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) গঠন করে। প্রতিষ্ঠার পর থেকেই বিটিবি দেশের পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশ, জনবলের দক্ষতার উন্নয়ন, পর্যটন বান্ধব পরিবেশ সৃষ্টি, দেশে-বিদেশে পর্যটন শিল্পের প্রচার ও বিপণন এবং আর্ন্তজাতিক বিভিন্ন পর্যটন সংস্থার সাথে সমন্বয়পূর্বক বিভিন্ন কর্মসূচির আয়োজন করছে। পর্যটন শিল্পকে দেশের অন্যতম বৃহৎ অর্থনৈতিক খাত হিসেবে প্রতিস্থিত করার লক্ষ নিয়ে বিটিবি তার উপর ন্যাস্ত দায়িত্বাবলী পালন করে চলেছে।

২. লক্ষ্য ও উদ্দেশ্য:

বাংলাদেশের পর্যটন শিল্প ও সেবার সার্বিক উন্নয়ন, পরিচালনা ও বিকাশ।

৩. কার্যাবলি:

(১) বাংলাদেশ পর্যটন বোর্ড আইন ২০১০ এর লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের জন্য নীতিমালা প্রণয়ন, সুপারিশ প্রদান ও বিদ্যমান পর্যটন সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে সহায়তা;

(২) পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের পরামর্শ বা দিক নির্দেশনা প্রদান;

(৩) পর্যটন আকর্ষণ চিহ্নিতকরণ, সংরক্ষণ, উন্নয়ন, বিকাশ ও গণসচেতনতা তৈরী;

(৪) দায়িত্বশীল পর্যটন (Responsible Tourism) বাস্তবায়ন করার লক্ষ্যে সরকার, ব্যক্তিখাত, স্থানীয় জনগোষ্ঠী, স্থানীয় প্রশাসন, এনজিও, নারী সংগঠন ও মিডিয়ার অংশগ্রহণের ব্যবস্থাকরণ;

(৫) বিদেশী পর্যটন প্রতিষ্ঠানের সাথে দেশীয় সরকারি বা বেসরকারি পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপনে সহযোগিতা প্রদান ও কাজে সমন্বয় সাধন;

(৬) বাংলাদেশে পর্যটকদের আগমন এবং অবস্থানকে সহজতর ও নিরাপদ করাসহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সরকারের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন;

(৭) পর্যটন শিল্প সহায়ক সুবিধাসমূহ সৃষ্টি এবং পর্যটন সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমের সহায়তা প্রদান ও দেশে- বিদেশে বিপণনের বিষয়ে সরকারি ও বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান, সরকারি বিভাগ বা দপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;

(৮) পর্যটন শিল্পের মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনায় প্রয়োজনীয় সহায়তা ও দিকনির্দেশনা প্রদান;

(৯) পর্যটন আকর্ষণের মান নিয়ন্ত্রণ এবং পর্যটকদের স্বার্থ রক্ষায় মানসম্পন্ন পর্যটন সেবা প্রদান নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(১০) প্রতিবন্ধী পর্যটকদের অংশগ্রহণের সুবিধাদি নিশ্চিতকরণ;

(১১) পর্যটন শিল্পে নারীর অধিকার ও অংশগ্রহণ সংরক্ষণ;

(১২) পর্যটন শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, আন্তর্জাতিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণপূর্বক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;

(১৩) পর্যটন সম্পৃক্ত রুগ্ন শিল্পকে সহায়তা প্রদানকল্পে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;

(১৪) পর্যটন সম্পর্কিত যাবতীয় মেলার আয়োজন ও প্রচার বা প্রকাশনামূলক কার্যক্রম গ্রহণে দিকনির্দেশনা প্রদান;

(১৫) পর্যটন সংক্রান্ত ডাটাবেস তৈরী করা;

(১৬) সরকার কর্তৃক সময় সময় অন্য যেইরূপ দায়িত্ব অর্পণ করা হইবে সেইরূপ দায়িত্ব পালন।

৪. সাংগঠনিক কাঠামো



৫. মানব সম্পদ ব্যবস্থাপনা:

(ক) জনবল

পদের নাম	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ	মন্তব্য
প্রধান নির্বাহী কর্মকর্তা	০১	০১	০	প্রেষণে নিয়োজিত
পরিচালক	০২	০২	০	প্রেষণে নিয়োজিত
উপ-পরিচালক	০৪	০১	০৩	০১ জন সিনিয়র সহকারী সচিব প্রেষণে নিয়োজিত। বাংলাদেশ পর্যটন করপোরেশনের (বাপক)-এর ০৬ জন উপ-ব্যবস্থাপক সংযুক্তিতে নিয়োজিত।
সহকারি পরিচালক	০৬	০৬	০	০৬ জন সহকারি পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে।
হিসাব রক্ষণ কর্মকর্তা	০১	০১	০	০১ জন হিসাব রক্ষণ কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে।
দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা	০১	০১	০	০১ জন দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।
তৃতীয় শ্রেণীর কর্মচারী	১৩	০৮	০৫	২ জন গাড়ী চালক, ১ জন ডেসপাস রাইডারসহ মোট ৩ জন আউট-সোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৫জন বিটিবি'র সরাসরি নিয়োগকৃত জনবল।
চতুর্থ শ্রেণীর কর্মচারী	১২	০৭	০৫	৪ জন অফিস সহায়ক, ২ জন নিরাপত্তা প্রহরী ও ১ জন ক্লিনারসহ মোট ৭ জন আউট-সোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত।
সর্বমোট	৪০	**২৮**	**১২**	

(খ) প্রশিক্ষণ: কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক দক্ষতা বৃদ্ধির জন্য ২০১৭-১৮ অর্থ বছরে প্রশিক্ষণের মাসভিত্তিক বিবরণ:

(খ) **প্রশিক্ষণ :** কর্মকর্তা/ কর্মচারীদের দাপ্তরিক দক্ষতা বৃদ্ধির জন্য ২০১৭-১৮ অর্থ বছরে প্রশিক্ষণের মাসভিত্তিক বিবরণ নিম্নরূপ:

প্রশিক্ষণের মাসভিত্তিক বিবরণ (ঘন্টায়)													
শ্রেণী	জুলাই	আগস্ট	সেপ্টে:	অক্টো:	নভে:	ডিসে:	জানু:	ফেব্রু:	মার্চ	এপ্রিল	মে	জুন	মোট
১ম	০৬	০৭	০৯	০৬	০৭	১০	০	৮	৬	৮	০	৬	৭৩
২য়	-	-	-	-	৮	৮	০	৫	৫	৫	৫	৫	৪১
৩য়	-	-	-	-	-	-	৫	৫	৫	৫	৫	৫	৩০
৪র্থ	৪	৪	৪	৪	৪	৪	৫	৫	৫	৫	৫	৫	৫৪

৬.বাজেট: ৩৪ (চৌত্রিশ) কোটি টাকা।

৭. সার্বিক কর্মকান্ড ও উল্লেখযোগ্য অর্জন:

২০১৭-২০১৮ অর্থ বছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক গৃহীত ও সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রমসমূহ নিম্নরুপ:

- ২০ মার্চ ২০১৮ তারিখে স্টেকহোল্ডারদের নিয়ে “বাংলাদেশের এলডিসি স্ট্যাটাস থেকে উত্তরণ পরবর্তী পর্যটন শিল্পের উন্নয়ন” বিষয়ক আলোচনা/মতবিনিময় সভা আয়োজন;
- নারীদের পর্যটন শিল্পে উৎসাহী করতে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও ট্রিপজিপ.ট্যুরস এর যৌথ উদ্দ্যোগে ১০/০৪/২০১৮ হতে ১৬/০৫/২০১৮ তারিখ পর্যন্ত ‘Women Travelers Campaign 2018’ আয়োজন এবং নারীবান্ধব পর্যটন সমাজ গড়ার লক্ষ্যে ১৫ মে ২০১৮ তারিখে গোল টেবিল বৈঠক আয়োজন;
- ০২/০৬/২০১৮ খ্রি. তারিখে বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সম্মেলন কক্ষে ই-নথি ব্যবস্থাপনা বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন এবং একই তারিখ হতে বিটিবি’তে ই-নথি কার্যক্রম প্রবর্তন;
- বিটিবি’ ও TripZip.tours নামক বেসরকারি প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারণা চালিয়ে পর্যটকদের ভ্রমণ সম্পর্কে দায়িত্বশীলতা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ‘ডু নট ডু’ অনলাইন ক্যাম্পেইন পরিচালনা ও Responsible Tourism বিষয়ে গোলটেবিল বৈঠক আয়োজন সম্পন্ন;
- ২৬/০৬/২০১৮ খ্রি. তারিখে ঢাকার সিরডাপ মিলনায়তনে পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে “Conservation and Preservation of Heritage Sites and its Promotion as the Tourism Attraction” শীর্ষক দিনব্যাপী কর্মশালা’র আয়োজন
- বহির্বিশ্বে দেশের পর্যটন শিল্পের প্রচার ও দেশীয় ট্যুর অপারেটরদের B2B সম্পাদনসহ ইনবাউন্ড ট্যুরিস্টদের বাংলাদেশ ভ্রমণে আগ্রহী এবং ট্যুর প্যাকেজ বিনিময় সহজতর করার লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ০৫ টি দেশিয় ও ১৫ টি আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ করা হয়;

- ২১-২৭ মে ২০১৮ খ্রি. তারিখ পর্যন্ত ০৭ দিনব্যাপী ঢাকা বিশ্ববিদ্যালয়ের আধুনিক ভাষা শিক্ষা ইনস্টিটিউট-এর ০৭টি গুরুত্বপূর্ণ বিদেশি ভাষায় অধ্যয়নরত ৮৪ জন শিক্ষার্থীকে ট্যুরিষ্ট গাইড প্রশিক্ষণ প্রদান করা হয় এবং শিক্ষার্থীদেরকে নিয়ে ২৮/০৫/২০১৮ খ্রি. তারিখে সোনারগাঁও এর পানাম সিটিতে টেকনিক্যাল ট্যুরের আয়োজন করা হয়। ০৩/০৬/২০১৮ খ্রি. তারিখে উক্ত প্রশিক্ষণ কর্মসূচির সনদ বিতরণী ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয় যাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয় জনাব মো: মহিবুল হক;

- পর্যটকদের জন্য পরিচ্ছন্ন পরিবেশে স্বাস্থ্যসম্মত খাবার নিশ্চিত করার লক্ষ্যে ১৪/০৫/২০১৮ খ্রি.তারিখে বঙ্গবন্ধু যাদুঘর এলাকা, ধানমন্ডি রবীন্দ্র সরোবর, কলাবাগান ও জাতীয় সংসদ ভবন সংলগ্ন এলাকার, ১৫/০৫/২০১৮ খ্রি. তারিখে পর্যটন আকর্ষণ সমৃদ্ধ পুরান ঢাকার ঐতিহ্যবাহী আহসান মঞ্জিল, চকবাজার, শাখারিপট্টি থেকে লালবাগ এলাকার, ০৫/০৬/২০১৮ খ্রি. তারিখে কক্সবাজার-এর সি-বীচ সংলগ্ন এলাকার এবং ১১/০৬/২০১৮ খ্রি. তারিখে কুয়াকাটার সি-বীচ সংলগ্ন এলাকার যথাক্রমে ৫০ জন করে মোট ২০০ জন স্থানীয় স্ট্রিটফুড ভেন্ডর ও রেঁস্তোরা কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। একইসাথে স্থানীয় জনগোষ্ঠীর মাঝে পর্যটন বিষয়ক সচেতনতা বৃদ্ধির জন্য জন-সচেতনতামূলক সভার আয়োজন করা হয়;
- বাংলাদেশের অপার সম্ভাবনাময় পর্যটন শিল্পের বিকাশ ও পর্যটন সম্পদ সুরক্ষায় দেশব্যাপী জন-সচেতনতা সৃষ্টির লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক বিভাগীয় কমিশনারগণের সার্বিক সহযোগিতায় দেশের খুলনা, বরিশাল, চট্টগ্রাম, রংপুর, ময়মনসিংহ ও ঢাকাসহ মোট ০৬ টি বিভাগে দিনব্যাপী জন-সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়;
- নবাগত ট্যুর অপারেটরদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পর্যটন সেবার মান উন্নয়নে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ০৭/১২/২০১৭ ও ২৭/০৬/২০১৮ খ্রি. তারিখে যথাক্রমে ১৮ জন ও ৩০ জনসহ মোট ৪৮ জন নতুন ট্যুর অপারেটরকে প্রশিক্ষণ প্রদান করা হয়;
- বাংলাদেশে পর্যটন শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কমিউনিটি বেইজড ট্যুরিজম উন্নয়নে কাজ করে যাচ্ছে। ২০১৭-১৮ অর্থবছরে এ কার্যক্রম বিগত বছরের তুলনায় আরো বেগবান হয়েছে। এ বছরে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক দেশের ০৬টি জেলা যথাক্রমে (১) রাজশাহী জেলার পুটিয়ায়, (২) মৌলভীবাজার জেলার কমলগঞ্জ, (৩) নওগাঁ জেলার পাহাড়পুর, (৪) মানিকগঞ্জ জেলার সাঁটুরিয়ায়, (৫) দিনাজপুরের কান্তজিউ মন্দির সংলগ্ন কান্তনগর এবং (৬) নেত্রকোনার বিরিশিরিতে কমিউনিটি বেইজড ট্যুরিজম উন্নয়নের লক্ষ্যে সংশ্লিষ্ট স্থানীয়দের ০৪ (চার) দিনব্যাপী প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানসহ ৬টি অঞ্চলে মোট ৪৫টি পরিবারে হোমস্টে প্রবর্তন করা হয়েছে;

- অভ্যন্তরীণ পর্যটন শিল্পের বিপণন ও প্রচারের অংশ হিসেবে Asian Tourism Fair (ATF), Bangladesh International Tourism Fair (BITF), Bangladesh Travel and Tourism Fair (BTTF), Dhaka Travel Mart (DTM) তে বিটিবি অংশগ্রহণ করে;
- দেশে ও বিদেশে পর্যটন শিল্পের বিকাশে মে ২০১৮ মাস থেকে পরবর্তী ১ বছরের জন্য বেসরকারি টিভি চ্যানেল মাই টিভিতে প্রচারিত পর্যটন বিষয়ক অনুষ্ঠান “মাই ট্যুরিজম”-এ বিটিবি’র পক্ষ থেকে সহায়তা প্রদান;
- বিটিবি কর্তৃক নিউজ লেটার নিউজ বিটিবি প্রকাশনা কার্যক্রম অব্যাহত রয়েছে;
- স্থানীয় গণমাধ্যম কর্মীদের পর্যটন সাংবাদিকতায় আগ্রহী করে তুলতে Tourism Journalist Fellowship Award প্রদান করা হয়;

- জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ০৭ই মার্চের ভাষণ ইউনেস্কো কর্তৃক বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য হিসেবে স্বীকৃতি লাভ করায় ২৫ নভেম্বর ২০১৭ তারিখে জাতীয় ভাবে আয়োজিত আনন্দ শোভাযাত্রায় বিটিবি'র অংশগ্রহণ;
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক পর্যটন খাত কে Social Corporate Responsibility (CSR)-এ অর্ন্তভুক্তকরণ করা হয়;

৮. অন্যান্য উল্লেখযোগ্য কার্যক্রম:

- ১১-১৬ সেপ্টেম্বর ২০১৮ সময়ে চীনের চেংদুতে অনুষ্ঠিত বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) এর ২২ তম সাধারন অধিবেশনে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করে এবং ২০১৭-২০১৯ মেয়াদে বাংলাদেশ UNWTO Commission for South Asia (CSA)-এর চেয়ার নির্বাচিত হয়েছে;
- (UNWTO) এর ২২ তম সাধারন অধিবেশনে UNWTO কর্তৃক প্রণয়নকৃত Global Code of Ethics চূড়ান্তকরণের লক্ষ্যে ১২ সদস্য বিশিষ্ট এড-হক কমিটির অন্যতম সদস্য হিসেবে বাংলাদেশকে মনোনীত করা হয়;
- UNWTO/ Chimelong Initiatives এর আওতায় ১১ জানুয়ারী-২০১৮ তারিখে পর্যটন সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, এজেন্সী, সংস্থ 'র কর্মকর্তা ও সরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে "Capacity Building Workshop for Public Officials on Wildlife Conservation and Sustainable Tourism in Bangladesh" শীর্ষক কর্মশালার আয়োজন করা হয়;

- ৫-৭ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে 10th Islamic Conference of Tourism Ministers Meeting of OIC (ICTM) ঢাকায় আয়োজন করা হয়। এই সম্মেলনে OIC সেক্রেটারি জেনারেলসহ OIC সদস্যভুক্ত বিভিন্ন দেশের মন্ত্রী, উচ্চ-পদস্থ কর্মকর্তা এবং OIC ভুক্ত বিভিন্ন ইনিস্টিটিউশনের প্রতিনিধিবৃন্দ অংশগ্রহণ করেন। এই সম্মেলনে ২০১৮-২০১৯ মেয়াদে বাংলাদেশ ওআইসি পর্যটন মন্ত্রীদের ফোরামের চেয়ারম্যান নির্বাচিত হয়েছে;

- ইটালীসহ ইউরোপের বিভিন্ন দেশে বাংলাদেশের ভাবমূর্তি পুনরুদ্ধারে এবং ঐসকল দেশ থেকে বাংলাদেশে পর্যটকদের আকৃষ্ট করতে গত ৪-১৭ ডিসেম্বর ২০১৮ সময়ে ইটালীর বিখ্যাত Dolmo Tv এর ২ জন সাংবাদিক কে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর পক্ষ থেকে আমন্ত্রণ জানিয়ে Familiarization Tour বা পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন করা হয়।

সাংবাদিকবৃন্দ বাংলাদেশের বিভিন্ন পর্যটন আকর্ষনীয় স্থান ভ্রমণ করেন এবং বাংলাদেশের উপর স্পেশাল স্টোরি তৈরী করেন। ট্যুর থেকে ফিরে গিয়ে Dolmo Tv সহ ইটালীর অন্যান্য টিভি চ্যানেলে স্পেশাল স্টোরি প্রচারিত হয়। পাশাপাশি গত ২৮ অক্টোবর-০২ নভেম্বর ২০১৮ সময়ে তার্কিশ এয়ারলাইন্সের ইনফ্লাইট ম্যাগাজিন- স্কাইলাইফ এর রাইটার্স টিমের ২ জন সাংবাদিক কে বাংলাদেশের বিভিন্ন পর্যটন আকর্ষনসমসূহ পরিদর্শনের লক্ষ্যে Familiarization Tour-এ আমন্ত্রণ জানানো হয়। ট্যুর থেকে ফিরে গিয়ে তার্কিশ এয়ারলাইন্সের ইনফ্লাইট ম্যাগাজিন- স্কাইলাইফ এর ২০১৭ এর ডিসেম্বর সংখ্যায় বাংলাদেশ ট্যুরিজমের উপর একটি বিশেষ স্টোরী প্রকাশিত হয়;

- স্টেকহোল্ডারদের মধ্যে হেরিটেজ সংরক্ষণ সম্পর্কে সচেতনতা তৈরী করতে Conservation and preservation of Heritage sites and its promotion as the tourist Attractions শীর্ষক কর্মশালা আয়োজন;

- দেশের ১৬ টি জেলায় পর্যটন সুবিধাদি প্রবর্তনের লক্ষ্যে উন্নয়ন কার্যক্রম গ্রহণ করার জন্য বাংলাদেশ ট্যুরিজম বোর্ড (বিটিবি) এর পক্ষ থেকে জেলা প্রশাসনের মাধ্যমে ১১,৮৩,৮৮,০৩০.০০ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়;

৯. ভবিষ্যত কর্ম পরিকল্পনা:

- ২০১৯ সালের প্রথমার্ধে 3rd ACD Ministerial Summit of Tourism ministers ঢাকায় আয়োজন করার পরিকল্পনা রয়েছে;
- ২০১৯ সালের প্রথমার্ধে Dhaka, OIC City of Tourism-2019 এর Official Celebration অনুষ্ঠান ঢাকায় আয়োজন করার পরিকল্পনা রয়েছে;
- বগুড়া, কক্সবাজার ও খূলনা তে ট্যুর গাইড প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হবে;
- জাপান, কোরিয়া, থাইল্যান্ড থেকে সাংবাদিক এবং চীন থেকে ট্যুর অপারেটরদের আমন্ত্রণ জানিয়ে Familiarization Tour বা পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন করা হবে;
- উন্নয়ন ভাবনায় পর্যটন কে সম্পৃক্তকরণের লক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহী তে কর্মশালা আয়োজন করা হবে;
- পর্যটন সুবিধাদি'র সৃষ্টির লক্ষ্যে ভৌত অবকাঠামো উন্নয়নে জেলা প্রশাসক বরাবরে অর্থ প্রদান করা হবে;
- পর্যটন মহা-পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে কনসাল্টিং প্রতিষ্ঠান নিয়োগ প্রদান করা হবে;
- বীচ কার্ণিভ্যাল আয়োজন করা হবে;
- খুলনা, নেত্রকোনা, বান্দরবান, যশোর ও পঞ্চগড়ে কমিউনিটি বেইজড ট্যুরিজম ্িরে উপর প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হবে;
- শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা'র আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হবে;
- দেশে ও বিদেশে দেশের পর্যটন শিল্পের প্রসারে ডিজিটাল মার্কেটিং ব্যবস্থা প্রচলনের কার্যক্রম গ্রহণ করা হবে।